তারিখ ... 15 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

দৈনিক খবর

## জেলা পরিষদ চেয়ারম্যান হবেন সরকার মনোনীত ব্যক্তি

# দেশে শিক্ষিত বেকারের সংখ্যা ৮০ লাখ

।। সংসদ রিপোর্টার ।।

বর্তমান সরকার জেলা পরিষদ চেয়ারম্যান পদে মনোনয়ন দেবেন। এ ক্ষেত্রে রাজনীতিবিদদের মনোনীত করতে আইনগত কোন বাধা নেই।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার গতকাল সোমবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ কথা জানান। আওয়ামী লীগের আবুল হাসান চৌধুরীর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, জেলা পরিষদ আইন ১৯৮৮-এর ৫ (১) ধারা অনুযায়ী এই পদে মনোনয়ন দেয়া হবে। সরকার যাকে মনোনীত করবেন, তিনি রাজনীতিবিদ হলে আইনে কোন বাধা নেই।

### বেকারত্ব বৃদ্ধির হিসাব নেই

দেশে বর্তমানে শিক্ষিত বেকার যুবকের সংখ্যা প্রায় ৮০ লাখ। ঢাকা জেলায় এই সংখ্যা সর্বোচ্চ এবং তা প্রায় সাড়ে তিন লাখ।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন খোকা গতকাল সোমবার জাতীয় সংসদে আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য আবুল কালাম আজাদের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান। তবে তিনি জানান, নতুন শিক্ষিত যুবকদের বেকারত্ব বৃদ্ধির বছরওয়ারী পরিসংখ্যান সরকারের নেই।

অপর এক প্রশ্নের জবাবে তিনি

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## জেলা পরিষদ

প্রথম পৃষ্ঠার পর

বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিবছর ৯ হাজার শিক্ষিত বেকারের আত্মকর্ম সংস্থানের উদ্যোগ নেয়। অন্যান্য মন্ত্রণালয় থেকেও কিছু উদ্যোগ নেয়া হয়। তবে তার সঠিক কোন পরিসংখ্যান নেই।

### গণভোটে ব্যয়

গত ১৫ই সেপ্টেম্বর অনুষ্ঠিত গণভোটের জন্য ১৫ কোটি ২৮ লাখ ৮৭ হাজার ২শ' ৪০ কোটি টাকা সরকারী ব্যয় বরাদ্দ ছিল। এর আগে অনুষ্ঠিত জাতীয় সংসদের ১১টি আসনের উপ-নির্বাচনে ব্যয় করা হয়েছে ৭৩ লাখ ২১ হাজার ৩শ' ৭০ টাকা।

জাতীয় সংসদে গতকাল সোমবারের প্রশ্নোত্তর পর্বে আওয়ামী লীগের শেখ ফজলুল করিম সেলিমের এক প্রশ্নের জবাবে নির্বাচন কমিশন সচিবালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার এ তথ্য জানান। মন্ত্রীর দেয়া হিসাব অনুযায়ী উপ-নির্বাচনে প্রতিটি নির্বাচনী এলাকার গড় খরচের পরিমাণ ৬ লাখ ৬৫ হাজার ৫শ' ৭৯ টাকা ৯ পয়সা।

33